

মডেল আক্টিভিটি টাস্ক ২০২১ জুলাই

সপ্তম শ্রেণী

ইতিহাস (Part-4)

১ ক-সুস্তের সাথে খ- সুস্ত মিলিয়ে লেখো

ক-সুস্ত	খ সুস্ত
হর্ষচরিত	বাণভট্ট
গৌড়বহো	বাকপতিরাজ
কিতাব- অল- হিন্দ	অল বিরুণী

২ বেমানান শব্দটির নিচে দাগ দাও

(ক) বিজয়ালয়, দন্তিদুর্গ, প্রথম রাজরাজ, প্রথম রাজেন্দ্র

(খ) বরেন্দ্র, হরিকেল, কনৌজ, গৌড়

(গ) হলায়ুধ, জয়দেব, গোবর্ধন, উমাপতিধর

৩ সংক্ষেপে (৩০-৫০ টি শব্দের মধ্যে) উত্তর দাও

(ক) পাল ও সেন যুগে কেমন ভাবে কর আদায় করা হত?

উঃ পাল ও সেন যুগের রাজারা উৎপন্ন ফসলের এক- ষষ্ঠাংশ ভাগ কৃষকদের কাছ থেকে কর নিতেন। তারা নিজেদের ভোগের জন্য ফুল, ফল, কাঠও প্রজাদের কাছ থেকে কর হিসাবে আদায় করতেন। বণিকরাও তাদের ব্যাবসা- বাণিজ্যের জন্য রাজাকে কর দিত। এই তিন কর ছাড়াও নানারকমের অতিরিক্ত কর ছিল। নিজেদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রজারা রাজাকে কর দিত। সমগ্র গ্রামের উপরেও কর দিতে হত গ্রামবাসীদের। এছাড়া হাট ও খেয়াঘাটের উপরেও কর চাপানো হত।

(খ) সেন রাজারা কি সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন?

উঃ হ্যাঁ, সেন রাজারা সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। সেন রাজা লক্ষনসেনের আমলের বিখ্যাত কবি ছিলেন জয়দেব। এছাড়া ধোয়ী, গোবর্ধন, উমাপতিধর এবং শরণ নামে আরো চারজন কবি ছিলেন। এমনকি রাজা বল্লালসেন ও রাজ লক্ষনসেন দুজনেই স্মৃতিশাস্ত্র লিখেছিলেন। তাছাড়া লক্ষনসেনের মন্ত্রী হলায়ুধ বৈদিক নিয়ম বিষয়ে ব্রাহ্মণসর্বজ্ঞ নামে একটা বই লিখেছিলেন।

৪ নিজের ভাষায় লেখো

বখতিয়ার খলজি বাংলা আক্রমণের পর বাংলাতে কি কি পরিবর্তন ঘটেছিল ?

উঃ আনুমানিক ১২০৪ খ্রিস্টাব্দের শেষে বা ১২০৫ খ্রিস্টাব্দের প্রথমদিকে তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মহম্মদ বখতিয়ার খলজি বাংলার নদিয়া দখল করেছিলেন। সেই থেকে বাংলার তুর্কি শাসন শুরু হয়েছিল। এরপরে বাংলাতে যে পরিবর্তনগুলি ঘটে সেগুলি হল-

- i) বখতিয়ার নদিয়া ছেড়ে লক্ষণাবতী অধিকার করে রাজধানী স্থাপন করেন। এই শহরকে সমকালীন ঐতিহাসিকরা লখনৌতি বলে উল্লেখ করেছেন।
- ii) বখতিয়ার খলজি নিজের নতুন রাজ্যকে কয়েকটি ভাগে ভাগ করে প্রত্যেক ভাগের জন্য একজন করে শাসনকর্তা নিযুক্ত করেন। এইসব শাসনকর্তারা ছিলেন তার সেনাপতি।
- iii) বখতিয়ার খলজি লখনৌতিতে মসজিদ, মাদ্রাসা এবং সুফি সাধকদের আস্তানা তৈরি করে দেন।
- iv) বখতিয়ার খলজি লখনৌতি রাজ্যের সীমানা উত্তরে দিনাজপুর জেলার দেবকোট থেকে রংপুর শহর, দক্ষিণে পদ্মা নদী, পূর্বে তিস্তা ও করতোয়া নদী পর্যন্ত তার রাজত্বের সীমা বাড়িয়ে নিয়ে ছিল।